

একই নম্বর ও তারিখের আদেশের স্থলাভিষিক্ত হ'বে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
শুংখলা অধিশাখা
www.mohfw.gov.bd

তারিখঃ ১৬.০৭.২০১৮ খ্রিঃ

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৭.২০১৭-২৩৫

আদেশ


যেহেতু, ডাঃ মঞ্জুর আল মুরশেদ চৌধুরী (১৩৪৬৫৮), ইএমও, কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, ঢাকা (প্রাক্তন মেডিকেল অফিসার, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা সংযুক্ত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফুলগাজী, ফেনী) গত ১৪.০৮.২০১৬ খ্রিঃ হতে ১৮.০৯.২০১৬ খ্রিঃ পর্যন্ত এবং পরবর্তীতে ১২.১২.২০১৬ খ্রিঃ হতে অদ্যাবধি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' (সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন') এর দায়ে ০৮.০৬.২০১৭ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৭.২০১৭-১০২ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাবের প্রেক্ষিতে ব্যক্তিগত শুনানীতে অংশ গ্রহণ করেন। তাঁর বিভাগীয় মামলার জবাব ও ব্যক্তিগত শুনানিকালে প্রদত্ত বক্তব্য যুক্তিসূক্ত ও গ্রহণযোগ্য বিবেচিত হল না বিধায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক আনীত অভিযোগ প্রমাণিত মর্মে প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু বিভাগীয় মামলায় আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোচনা করে বিভাগীয় মামলায় তাঁকে কেন 'চাকুরি হতে বরখাস্ত' করা হবে না মর্মে দ্বিতীয় কারণ-দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার দ্বিতীয় কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন;

এক্ষণে, সেহেতু, ডাঃ মঞ্জুর আল মুরশেদ চৌধুরী (১৩৪৬৫৮), ইএমও, কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, ঢাকার বিরুদ্ধে আনীত অভিযোগ, তদন্ত প্রতিবেদন, দ্বিতীয় কারণ দর্শানো নোটিসের জবাব এবং সামগ্রিক বিষয়াদি পর্যালোচনা করে তাঁকে ভবিষ্যতে সতর্কতার সাথে সরকারি চাকরির নিয়ম কানুন যথাযথভাবে অনুসরণপূর্বক দায়িত্ব পালনের পরামর্শ প্রদান করা হলো এবং তাঁকে কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, ঢাকা হতে তার পূর্ববর্তী কর্মস্থল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফুলগাজী, ফেনীতে যোগদান করার জন্য বলা হলো এবং বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। তাঁর ১৪.০৮.২০১৬ খ্রিঃ হতে ১৮.০৯.২০১৬ খ্রিঃ পর্যন্ত এবং ১২.১২.২০১৬ খ্রিঃ হতে ২২.০৯.২০১৭ খ্রিঃ পর্যন্ত বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতকালকে বিনাবেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হল। তিনি ভবিষ্যতে কোন বকেয়া প্রাপ্য সুবিধা দাবি করতে পারবেন না।


মেঃ সিরাজুল হক খান
১৬.০৭.২০১৮
সচিব

উপপরিচালক

বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস

তেজগাঁও, ঢাকা।


[পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শুংখলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৪৭.২০১৭-২৩৫/১(১২)

তারিখঃ ১৬.০৭.২০১৮ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (সংশ্লিষ্ট কর্মকর্তাকে কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, ঢাকা হতে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফুলগাজী, ফেনীতে বদলি/পদায়ন করে যোগদানের অনুলিপি মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করার অনুরোধ করা হলো।)
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। পরিচালক, কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, ঢাকা।
- ৪। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। উপপরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৭। সিভিল সার্জন, ফেনী
- ৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, ফুলগাজী, ফেনী।
- ৯। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, ফুলগাজী, ফেনী।
- ১০। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ১১। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১২। ডাঃ মঞ্জুর আল মুরশেদ চৌধুরী (১৩৪৬৫৮), ইএমও, কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, ঢাকা।
(স্থায়ী ঠিকানাঃ পিতা- স্ত্রী আব্দুর রহিম চৌধুরী, চৌধুরী বাড়ী, বকুয়া দৌলতপুর, আমন্দপুর, ফুলগাজী, ফেনী।)


(শারীফা নাসরীন)
উপ-সচিব
ফোনঃ ২৫৪৫০২৮